বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০০০.০১৩.০৭.০০০১.২৩.৪১

**বিষয়: বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা এর কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ/কেন্দ্র/ইউনিট/শাখার সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৫) সভা গত ১৩ মার্চ ২০২৫ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় বিএআরসিতে (সভাকক্ষ-২) সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, এপিএ টীম, বিএআরসি'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:
(১) সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ,ইউনিট ও শাখার সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

২০-০৩-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
+৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
২। সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৩। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৪। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৫। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৬। সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৭। সদস্য পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৮। পরিচালক, অর্থ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৯। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃষি তথ্য কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১০। পরিচালক, সাপোর্ট সার্ভিস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১৩। পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৪। পরিচালক (চলতি দায়িত্ব), টিটিএমইউ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০০০.০১৩.০৭.০০০১.২৩.৪১/১ (৪)

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।

২। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

৪। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

২০-০৩-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনায় কার্যক্রম [২.১] এর আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন সংক্রান্ত' অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, এপিএ টীম বিএআরসি। |
| তারিখ ও সময় | : ১৩ মার্চ ২০২৫; সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' |

১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার এবং সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান।

২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় ত্রৈমাসিক কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম ও এর লক্ষমাত্রা উপস্থাপন করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১] বাস্তবায়নে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে সেবা বক্সে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে লক্ষমাত্রা বাস্তবায়নে আগামী ২৫/০৩/২০২৫ তারিখের মধ্যে বিএআরসি'র ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হবে; এছাড়াও কার্যক্রম [১.৩] স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভা ১ম অর্ধবার্ষিকে ০১টি বাস্তবায়ন করা হয়েছে এবং অপর ০১টি সভা ২য় অর্ধবার্ষিকে ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়নের কর্মপরিকল্পনা আছে; কার্যক্রম [২.১] বাস্তবায়নে অদ্য ১৩/০৩/২০২৫ তারিখ বিএআরসি'র সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নে ৩য় ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে; কার্যক্রম [২.২] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৭/০৪/২০২৫ তারিখের মধ্যে প্রস্তুত করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে; এবং র্যক্রম [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন বাস্তবায়নের বার্ষিক লক্ষমাত্রা অর্জিত হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নে আওতাধীন সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে অনুষ্ঠিত সভাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

৩। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সম্প্রতি সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার ভাড়া নির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ হওয়ায় সিটিজেন চার্টারে উক্ত সেবার বিপরীতে সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ করার প্রস্তাব পেশ করেন। এছাড়াও কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক সিটিজেন চার্টারে কোন হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে তা আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পাঠানোর অনুরোধ জানান।

৪। এছাড়াও ফোকাল পয়েন্ট কর্মকর্তা কাউন্সিলের সকল বিভাগ, ইউনিট ও শাখা প্রদত্ত ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান তথ্য প্রান্তিকের শেষে প্রেরণের অনুরোধ জানান।

৫। সভাপতি সভায় উপস্থিত সকলকে ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির ওপর মতামত প্রদানের অনুরোধ জানান।

৪.১ ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণে সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;

৪.২ এছাড়াও কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে সিটিজেন চার্টারে হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে ফোকাল পয়েন্ট কর্মকর্তার কাছে পাঠানোর বিষয়ে আলোচনা হয়;

৪.৩ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল বিভাগ, ইউনিট ও শাখা কর্তৃক প্রদত্ত সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রান্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়;

৪.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়; এবং

৪.৫ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।

০৫। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৫.১ | সিটিজেন চার্টারে সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ করতে হবে; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি। |
| ৫.২ | কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে সিটিজেন চার্টারে হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রান্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান; এবং | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.৫ | ২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ ব্যবস্থা গ্রহণ; | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি। |

০৬। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

২৩/০৩/২০২৫

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং
আহবায়ক
এপিএ টীম, বিএআরসি।